**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-06-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

..................................................................

**Modi hasina meeting:**

দুদিনের সফরে গতকাল দিল্লী পৌঁছেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে আনুষ্ঠানিক বৈঠক করবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। দেশের বিদেশ মন্ত্রক জানিয়েছে এবারের সফরে দুই দেশের সম্পর্ক নতুন উচ্চতায় যাবে। এদিকে গতকাল সন্ধ্যায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেছেন ভারতের বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর। এই সফর দিপক্ষীয় অংশীদারিত্বকে আরো জোরদার করবে।

*****************

**Ratan Lal Nath :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ গতকাল জানিয়েছেন, রাজ্যের কৃষকদের আয় দ্বিগুণ করতে মধ্যপ্রদেশের ইন্দোর শহরে আয়োজিত হয়েছে ত্রিপুরা কৃষি সমৃদ্ধি নামক ক্রেতা বিক্রেতা সম্মেলন। রাজ্য সরকার ও নেরামেকের সহযোগিতায় এই সম্মেলনের আয়োজন করা হয়। গত ২০ জুন এই সম্মেলনে মন্ত্রী শ্রী নাথ উপস্থিত ছিলেন। তিনি জানান, সম্মেলনে মধ্যপ্রদেশ সহ অন্যান্য রাজ্যের উদ্যোগীরা সমেত কৃষি কেন্দ্রিক বণিক গোষ্ঠী অংশ নিয়েছেন। তাঁরা ত্রিপুরা থেকে আনারস, কাঁঠাল, সুগন্ধি লেবু, ব্ল্যাক রাইস , হলুদ সহ আরো নানা কৃষি সামগ্রী ক্রয় করবেন বলে কথা দিয়েছেন। মন্ত্রী আশাবাদী, পরিকল্পনা

সঠিকভাবে বাস্তবায়িত হলে ত্রিপুরার কৃষকরা দারুণভাবে লাভবান হবেন।

******************

**Seminar on POCSO :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, বাল্য বিবাহ, শিশু শ্রম ও শিশুদের উপর যৌন নির্যাতন প্রতিরোধে সরকার উদ্যোগ নিয়েছে। প্রায় দশ হাজার অঙ্গনওয়াড়ি কেন্দ্র ও ৫৬ টি চা বাগান এলাকায় এই উদ্যোগ বাস্তবায়িত করা হচ্ছে। তিনি এই উদ্যোগ বস্তবায়িত করতে শিশু কল্যাণ কমিটি ও চাইল্ড হেল্প লাইনকে আরও সক্রিয়ভাবে এগিয়ে আসতে বলেছেন। গতকাল আগরতলায় প্রজ্ঞা ভবনে পকসো আইনের ৩৯ ধারা ও আদর্শ নির্দেশিকা নিয়ে রাজ্যভিত্তিক আলোচনাচক্রের আয়োজন করা হয়। আলোচনায় সমবায়মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া বলেন, শিশুদের উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তুলতে অভিভাবক, শিক্ষক, অঙ্গনওয়াড়ি কর্মী , আশা কর্মীদের গুরুত্বপূর্ণ ভুমিকা রয়েছে। অনুষ্ঠানে আলোচনা করেন এডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে , ত্রিপুরা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি সত্যগোপাল চট্টোপাধ্যায়, শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্ত্রী দেববর্মা সহ অন্যরা।

************

**Governor at Prajapita Brammakumari programme :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল সন্ধ্যায় মুক্তধারা অডিটরিয়ামে এক অনুষ্ঠানে বলেছেন, মানব জীবনের সামগ্রিক বিকাশে যোগাসনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রজাপিতা

ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত দশম আন্তর্জাতিক যোগ দিবস অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি আরও বলেন, শরীর ও মন সুস্থ রাখার জন্য প্রত্যেকেরই নিয়মিত যোগাভ্যাস করা উচিত। অনুষ্ঠানে ভাষণ দেন  বি কে মমতা বেহেন এবং বি কে মণিকা বেহেন। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার সহ অন্যরা।

**********

**Yoga Day Bramahakumari:**

এদিকে প্রজাপিতা ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের বিলোনিয়া শাখার উদ্যোগে গতকাল এক অনুষ্ঠানের মাধ্যমে আন্তর্জাতিক যোগা দিবস উপলক্ষে আয়োজিত অংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরন করা হয় ও যোগাভ্যাস করা হয়। বিধায়ক দীপংকর সেন, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ প্রমুখ অংকন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

*********************

**Beti bachao Beti padao :**

'বেটি বাঁচাও বেটি পড়াও' প্রকল্পে জিরানিয়ার বেলবাড়ি ব্লকের গোবিন্দ কমিউনিটি হলে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। জিরানীয়া সিডিপিও কার্যালয় থেকে গতকাল জানানো হয়, কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক বিশ্বজিৎ কলই। তিনি বলেন কন্যা সন্তানদের প্রতি অভিভাবকদের আরও যত্নবান হওয়া উচিত। নারী নির্যাতন ও বাল্য বিবাহ রোধে আরও সচেতনতা বৃদ্ধি করতে হবে। কর্মশালায় ২৫ জন শিশু কন্যার হাতে পুষ্টিকর

খাদ্যের কিট তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন এমডিসি গণেশ দেববর্মা, বেলবাড়ি বিএসি'র চেয়ারম্যান রোকেন দেববর্মা সহ অন্যরা।

*************

**South Tripura**

জোলাইবাড়ি ব্লকের দেবদারু দ্বাদশ স্কুলে জাতীয় সেবা প্রকল্পের সাত দিনের বিশেষ শিবির গতকাল থেকে শুরু হয়েছে। ৭ দিনের শিবিরে সাফাই অভিযান, বৃক্ষরোপন, স্বাস্থ্য শিবির, আইনী সচেতনতামূলক ও বাল্যবিবাহ ও কুসংস্কার বিরোধী আলোচনা সহ নানান কর্মসূচিতে স্বেচ্ছাসেবীরা অংশ নেবেন বলে জানান এনএসএস ' র প্রোগ্রাম অফিসার সঞ্জিত সরকার।

************

**TRLM :**

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উত্তর জেলা মিশন ইউনিটের বার্ষিক পরিকল্পনা নিয়ে গতকাল ধর্মনগর সার্কিট হাউসে বিশেষ সভা হয়। উপস্থিত ছিলেন উত্তর জেলা জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, অতিরিক্ত জেলাশাসক সুভাষ সাহা সহ জেলার আটটি ব্লকের বিডিও এবং জেলা ও সমষ্টি উন্নয়ন দপ্তরের অন্তর্গত সমস্ত ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের কার্যকরতারা। তিনদিন ব্যাপী এই শিবিরের শেষ দিনে গতকাল ২০২৩ - ২৪ অর্থবছরের গ্রামীন জীবিকা মিশনে যে ব্লক কার্যকর্তারা ভালো কাজ করেছেন তাদের সম্মানিত করা হয়। উত্তর জেলার আটটি ব্লকের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে দশদা আরডি ব্লক,

দ্বিতীয় কদমতলা আর ডি ব্লক এবং তৃতীয় হয়েছেন পানিসাগর আর ডি ব্লক ।

***********

**Media Workshop :**

নতুন তিনটি ফৌজদারি আইন সম্পর্কে গতকাল নরসিংগড়ে ত্রিপুরা জুডিশিয়াল একাডেমিতে পিআইবির উদ্যোগে মিডিয়া কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় রাজ্যের অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে বলেন, আগামী পয়লা জুলাই ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিনটি নতুন ফৌজদারি আইন বলবৎ হতে চলেছে। অনুষ্ঠানে আলোচনা করেন রাজ্য পুলিশের ইন্টিলিজেন্স বিভাগের মহানির্দেশক অনুরাগ, রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী সহ অন্যরা।

*****************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত পূর্বাভাসে আগরতলা আবহাওয়া দপ্তর জানিয়েছে, আকাশ সাধারণত: মেঘলা থাকবে। বিক্ষিপ্তভাবে বজ্রপাতসহ দু এক পশলা বৃষ্টি হতে পারে। দুপুরে সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস।

**********

**মহিলা ফুটবল:**

একদিনের বিরতির পর মহিলাদের ঘরোয়া ফুটবল লিগে আজ চলমান সংঘ ও জম্পুইজলা প্লে সেন্টার পরস্পরের মুখোমুখি হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকাল ৮টায় ম্যাচটি শুরু হবে।

**আরাধ্যা পদক:**

কাজাকিস্তানে সদ্য সমাপ্ত এশিয়ান যুব অনূর্ধ্ব ১০ বছরের বালিকাদের দাবা প্রতিযোগিতায় রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু আরাধ্যা দাস তিনটি পদক দখল করেছে। আসরের ব্লিটসের দলগত লড়াইয়ে স্বর্ণ সহ ক্ল্যাসিক্যালের দলগত লড়াইয়ে রৌপ্য ও ব্যাক্তিগত লড়াইয়ে ব্রোঞ্জ পদক পায়।

************

************